

সুপ্রিয় অভিভাবকবৃন্দ

উত্তরণ প্রি-ক্যাডেট স্কুলের পক্ষ থেকে বিনম্র শুভেচ্ছা। বিশ্বায়নের এই যুগে একজন মানুষের শারিরীক অবস্থান শৈলকুপায় হলেও চিন্তাতে হতে পারে বিশ্ব নাগরিক। আর বিশ্বায়নের ধারণায় দ্রুত বদলে যাচ্ছে শিক্ষার ধরণ। আগামীতে শুধু একাডেমিক লেখাপড়াই একজন ছাত্রের যোগ্যতার মানদণ্ড হবেনা। প্রতিযোগিতামূলক বর্তমান বিশ্বে নিজেদের অবস্থান সুসংহত করতে একাডেমিক শিক্ষার পাশাপাশি প্রয়োজন হবে ভিন্নমাত্রার দক্ষতা। শৃঙ্খলা, সময়ানুবর্তিতা, নীতিনিষ্ঠতা, সামাজিক দায়বদ্ধতা, দলীয় দক্ষতা, চিন্তার দক্ষতা ও দ্রুততা ইত্যাদি প্রয়োজন হবে নিজেকে প্রতিষ্ঠিত করতে। সেজন্য একটি শিশুর শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করার ক্ষেত্রেও বিষয়গুলি মনে রাখা প্রয়োজন। আত্মীয়করণ কিংবা চক্ষুণ্ডজার কারণে শিশুর জন্য বিদ্যালয় নির্বাচনে ভুল হলে যে ক্ষতি হয় সেটি মারাত্মক। কারণ একটি পরিবারের মূল সম্পদ হচ্ছে তার সন্তান। অর্থনৈতিক সম্পদ ক্ষতিগ্রস্ত হলে পূরণ করা সম্ভব। কিন্তু সন্তানের শিক্ষার ত্রুটি কখনই পূরণ হবার নয়।

শিশুর যোগ্য শিক্ষা প্রতিষ্ঠান সৃষ্টির জন্য উত্তরণ প্রি-ক্যাডেট স্কুলের মাধ্যমে আমরা সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমরা শৈলকুপাতে জাতীয় মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করতে চাই। আমরা একজন শিক্ষার্থীকে শুধু মুখস্ত নির্ভর শিক্ষায় পারদর্শী করে গড়ে তুলতে চাইনা। আমরা চাই একজন শিক্ষার্থী তার একাডেমিক শিক্ষার পাশাপাশি শৃঙ্খলাবোধ সম্পন্ন নাগরিক হয়ে গড়ে উঠুক। পরিবারের সাথে সাথে নিজের দেশকেও ভালবাসতে শিখুক। নৈতিকতাহীন আত্মকেন্দ্রিক একজন না হয়ে বিজ্ঞানমনস্ক আত্মনিবেদিত মানুষ হয়ে গড়ে উঠুক।

আমাদের চাওয়া উত্তরণ প্রি-ক্যাডেট স্কুলের একক প্রচেষ্টায় পূরণ হওয়া সম্ভব নয়। এটি তখনই সম্ভব যখন শিক্ষাপ্রতিষ্ঠান, সমাজ এবং পরিবার সবার চাহিদা ইউনিফর্ম হবে। শিক্ষাপ্রতিষ্ঠান, সমাজ এবং অভিভাবকের মিথসক্রিয়ায় গড়ে উঠে একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান। আমরা সেই আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলতে চাই। এক্ষেত্রে আপনাদের সহযোগিতা আমাদেরকে কাজিখত লক্ষ্যমাত্রায় পৌছাতে সাহায্য করবে।

আপনাদের পরামর্শ, অভিমত, সমালোচনা আমাদেরকে ঋদ্ধ করবে।

আমাদের প্রতিষ্ঠানে আপনাদের সাদর আমন্ত্রণ।

পুনঃ শুভেচ্ছাসহ

উত্তরণ প্রি-ক্যাডেট স্কুল পরিবার